গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ইউও নোট নং-অম/অসবি-সচিব/এনবিআর/২০১১/৭৫৯(১) তারিখ: ১৭.৭.২০১১

১১ জুলাই ২০১১/২৭ আষাঢ় ১৪১৮ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতি। মাসবৈ-২৪(০৭)/২০১১

সূত্র:০৪.৩১১.০০৬.০৫.০০.০২৪.২০১১-৪৮০(২) তারিখ ১২ জুলাই ২০১১/২৮ আষাঢ়, ১৪১৮।

বিষয়: ব্যক্তি মালিকানায় বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক বিমান/সমুদ্র/স্থল বন্দরসমূহে শুল্ক-মুক্ত বিপণী স্থাপনের অনুমতি প্রদান।

উদ্যোক্তা: অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

সিদ্ধান্ত:

১৭.১। দেশের আন্তর্জাতিক বিমান/সমুদ্র/স্থল বন্দরসমূহে সরকারী খাতে শুল্ক-মুক্ত বিপনী স্থাপনের লক্ষ্যে ২০ জানুযায়ী ১৯৮৫ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার সিদ্ধান্ত ক্রমিক ৯(গ) ও ৯(ঘ) বাতিল করা হইল।

১৭.২। দেশের আন্তর্জাতিক বিমান/সমুদ্র/স্থল বন্দরসমূহে বেসরকারী খাতের পাশাপাশি বেসরকারী খাতে শুল্ক-মুক্ত বিপনী স্থাপনের অনুমতি প্রদানের প্রস্তাব অনুমোদন করা হইল।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

(ক) রুলস অব বিজনেস, ১৯৯৬ এর ২৩(৩) নম্বর বিধি অনুসারে প্রয়োজনবোধে মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত সংশ্লিষ্ট অন্য কোন মন্ত্রণালয়/বিভাগকে জানাইবার জন্য অনুরোধ করা যাইতেছে।

(খ) মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত প্রতিবেদন সিদ্ধান্তটি অবহিত হইবার পনের দিনের মধ্যে একবার এবং সিদ্ধান্তটির বাস্তবায়ন কার্য সম্পন্ন না হওয়া পর্যন্ত প্রতি মাসের শেষ কর্মদিবসে একবার মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন পরিবীক্ষণ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা যাইতেছে।

স্বাক্ষরিত/-
[ড. নাসিরউদ্দীন আহমেদ]
সচিব